17 SEP 1991

তারিখ ... 17-SEP 1991 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক বাংলা

# ঢাকা বোর্ড এসএসসি পরীক্ষার ফল ঃ পাসের হার ৬৭ শতাংশ

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল গতকাল (সোমবার) ঘোষণা করা হয়েছে। পাসের হার শতকরা ৬৭ দশমিক ৫৮ ভাগ। পরীক্ষায় অংশগ্রহণকারী ১ লাখ ৪৮ হাজার ৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ১ লাখ ২৭ জন। মীর্জাপুর ক্যাডেট কলেজের জালাল আহমেদ মীর্জা ছয়টি বিষয়ে লেটার-সহ স্টার মার্ক পেয়ে প্রথম স্থান অধিকার করেছেন। মীর্জা পেয়েছেন মোট ৮৮৭ নম্বর। প্রথম ছাত্রী পরীক্ষার্থীদের মধ্যে শীর্ষস্থান অধিকার করেছেন ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের ছাত্রী রোকাইয়া হক (প্রাপ্ত নম্বর ৮৬৪)।

উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে প্রথম বিভাগ পেয়েছেন ১৯ হাজার ২৩ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছেন ৪৫ হাজার ৪৫৬ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছেন ৩৫ হাজার ৫৪৮ জন।

আংশিক ফল ৩, ৬ ও ৭-এর পৃষ্ঠায়

এবার মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ৫০ হাজার ১৬৮ জন। কিন্তু পরীক্ষায় উপস্থিত ছিলেন বা

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা বোর্ড এসএসসি

(প্রথম পৃঃ পর)

অংশগ্রহণ করেছিলেন ১ লাখ ৪৮ হাজার ৩ জন। এদের মধ্যে সাধারণ বিজ্ঞান নিয়ে পরীক্ষার্থী ছিলেন ৭৩ হাজার ৭১৯ জন। এ বিভাগে পাসের হার হচ্ছে শতকরা ৭৮ দশমিক ২২ ভাগ। পরীক্ষার্থীদের বাকী ৬০ হাজার ৯৪৩ জন ছিলেন সমাজ বিজ্ঞানে (মানবিক ও বাণিজ্যিক বিভাগের) পরীক্ষার্থী। এ বিভাগে পাসের হার শতকরা ৫৬ দশমিক ৭৭ ভাগ। এ বিভাগে ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রথম হয়েছেন ঢাকার উদয়ন বিদ্যালয়ের মনীষিতা ঘোষ (মোট প্রাপ্ত নম্বর-৭৮০)।

এবার প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে অবতীর্ণ হন ১৩ হাজার ৩৪১ জন ছাত্র-ছাত্রী। এই পরীক্ষার্থীদের মধ্যে পাসের হার হচ্ছে ৪২ দশমিক ৬৩ ভাগ। নিয়মিত পরীক্ষার্থীদের মধ্যে পাসের শতকরা হার হচ্ছে ৭০ দশমিক শূন্য ৬ ভাগ।

নিয়মিত ও প্রাইভেট মিলিয়ে পরীক্ষায় অবতীর্ণ ছাত্র-ছাত্রীর মধ্যে ছিলেন- ছাত্র ঃ ৯৪ হাজার ৮৬৬ জন ও ছাত্রী ঃ ৫৩ হাজার ১৩৭ জন।